

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৯, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ৪ আশ্বিন ১৪১২/১৯ সেপ্টেম্বর ২০০৫

এস, আর, ও নং ২৭৮ আইন/২০০৫।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৪-আইন/২০০৫, তারিখ ৩১-১-১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৪-৫-২০০৫ খ্রিস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু, সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অত্র উপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rules 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নেত্রকোনা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু, সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rules 4 (2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু The Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৬ আশ্বিন ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ২১ সেপ্টেম্বর ২০০৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি পূর্বধলা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

( ৮৬৩৭ )

মূল্য : টাকা ২.০০

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	আগিয়া	হাটধলা	২৮	০১—৫৩২
(২)	আগিয়া	বুধি	২৭	৩৬৮—৩৯৮, ৪০০—৪৭২, ৪৮১—৪৯৮, ৫৫০—৫৫২ (প্রতিটি আংশিক), ৫৫৩—৫৫৪, ৫৫৫, ৫৫৫ (আংশিক), ৫৫৯ (আংশিক), ৫৬০—৬৩৬, ৬৪১—৬৪৪, ৭০১—১০০২।
(৩)	পূর্বধলা সদর	বারধার	২৬	০১—৪৪৯
(৪)	পূর্বধলা সদর	ভিতরগাঁও	২৫	০১—৮২৮
(৫)	পূর্বধলা সদর	ছোছাউড়া	৪৭	০১—১০০২, ১০০৩—১০২০ (ছোট দাগ)।
(৬)	পূর্বধলা সদর	পূর্বধলা	৩০	০১—১৫৪০, ১৭৪৩—১৭৫২, ১৭৫৫—১৭৫৭, ১৭৫৯—১৭৬৪, ১৭৭৫, ১৯০১—২০৬৩, ২২১২, ২২১৭, ২২১৯।
(৭)	পূর্বধলা সদর	তারাকান্দা	১৩৫	০১—১৪৯, ১৫১, ১৫৩ (আংশিক), ১৫৫, ১৫৬ (আংশিক), ১৫৭—২৫৮, ২৫৯ (আংশিক), ২৬৩—২৬৬, ২৯৪—৩৩৪, ৩৩৬, ৬১৬—৬১৯, ৬২১—৬২২, ৬২৫ (নদী), ৬২৬ (আংশিক), ৬২৭—৬২৮, ৬৩০, ৬৩৪—৬৩৬, ৬৭৪—৬৭৫।
(৮)	পূর্বধলা সদর	বামন ডহর	১২৪	০১—১৬৬
(৯)	পূর্বধলা সদর	ছোট ইলাশপুর	১২৩	০১—১৮, ২২—১০৮, ২৭৯—২৮০
(১০)	পূর্বধলা সদর	বড় ইলাশপুর	১২৫	০১—১৬৯

রাজপ্রতির আদেশক্রমে,

সহিদুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।